69

তারিখ 24 FEB 1996 ... ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]......

দৈনিক বাংলা

# ২১ এপ্রিল ডিগ্রী পরীক্ষা

মিডিয়া সিন্ডিকেট ঃ গাজীপুর, ২৩ ফেব্রুয়ারী।–আগামী ২১ এপ্রিল থেকে ডিগ্রী (পাস) পরীক্ষা শুরু হচ্ছে। যারা ১৯৯৩ ও ১৯৯৪ সালে ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছিল তাদের নিয়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সূত্রে প্রকাশ, এপ্রিলে অনুষ্ঠেয় এ পরীক্ষায় প্রায় ৫০ হাজার ছাত্রছাত্রী অংশ নেবে। ছাত্রছাত্রীদের ফরম পূরণের ফরমে ডিগ্রী পরীক্ষা ১১ এপ্রিল থেকে শুরু হওয়ার কথা থাকলেও পরীক্ষা শুরু হবে ২১ এপ্রিল থেকে।